



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর

২০২৪ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৭/০৫/২০২৬ তারিখের স্মারক নং ০৫(৫৩০) জাতীগবিঃ/পরীঃ/ডিগ্রী (পাস)/২০২১/৫৮০২ মোতাবেক সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ডিগ্রী ১ম বর্ষে ভর্তিকৃত ছাত্রীদের ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের আবেদন নিম্ননির্ধারিত তারিখের মধ্যে Online (EMS)-এ সম্পন্ন করা হবে। পরীক্ষার তারিখ ও সময়সূচী যথাসময়ে ঘোষণা করা হবে। পরীক্ষার আবেদন ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (ems.nu.ac.bd) পাওয়া যাবে। পরীক্ষার্থীকে অনলাইন হতে পূরণকৃত আবেদন ফরম নিরীক্ষা কমিটি কর্তৃক নিরীক্ষণের পর **bKash/Rocket** এর মাধ্যমে আবেদন ফি জমা দিয়ে রশিদসহ প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে কলেজের হিসাব শাখায় নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে। উল্লেখ থাকে যে, নিরীক্ষা কমিটি সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা দেখে ফরম নিরীক্ষণ করবেন। সম্ভাব্য তালিকায় উল্লেখিত বিষয় কোড ব্যতীত অন্য বিষয় কোডে ফরম পূরণ করানো যাবে না। উল্লেখ্য যে, যে সকল পরীক্ষার্থী ইতিপূর্বে ফরম পূরণ করেনি বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তাদেরকে ৩য় বর্ষে পুনঃভর্তি হয়ে আবেদন ফরম পূরণ করতে হবে।

১। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

ক) ডিগ্রী পাস কোর্স ৩য় বর্ষ পরীক্ষা নিয়মিত (৭০০ নম্বর):

- ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ২০২৩ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে “ইংরেজি” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ৩য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যনীয়।

খ) ডিগ্রী পাস ৩য় বর্ষ পরীক্ষা অনিয়মিত (৭০০ নম্বর):

- ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ডিগ্রী পাস ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে Promoted (উত্তীর্ণ) হয়েছে কিন্তু ২০২১, ২০২২ ও ২০২৩ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে “ইংরেজি” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০ ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১, ২০২২ ও ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে কোন কোর্সে/পত্রে F গ্রেড পেয়েছে তারা F গ্রেড প্রাপ্ত কোর্সে/পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ৩য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

গ) মানোন্নয়ন:

- ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর ৩য় বর্ষের সর্বোচ্চ দু'টি কোর্সে মানোন্নয়ন (C+, C এবং D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

২। অনলাইনে আবেদন ফরম পূরণ (পরীক্ষার্থীদের জন্য):

- প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদনের সাথে আইকা আঠা দ্বারা লাগাতে হবে।
- আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে।

৩। রেগুলেশন:

২০২৪ সালের ডিগ্রী পাস কোর্স ৩য় বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৪। আবেদন ফরম পূরণের তারিখ (সরকারি ছুটির দিন ব্যতীত):

ক্র:নং	পরীক্ষার নাম	তারিখ	সময়
০১.	ডিগ্রী (পাস) ৩য় বর্ষ (সকল গ্রুপ)	১০/০৬/২০২৬ থেকে ১১/০৬/২০২৬ পর্যন্ত	অফিস চলাকালীন সময়
০২.	অনিয়মিত ও মানউন্নয়ন সকল বিষয়		

পরীক্ষা ফিসের বিবরণ (নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন)

বিবরণ	ফরম পূরণের ফিস	সেশনচার্জ	মোট
বিএ/বিএসএস/বিবিএস নিয়মিত (সকল পত্র)	২৮০০/-	২৭২৯/-	৫৫২৯/-
বিএ/বিএসএস/বিবিএস অনিয়মিত (সকল পত্র)	২৮০০/-	২৭২৯/-	৫৫২৯/-
বিএ/বিএসএস/বিবিএস প্রাইভেট (সকল পত্র)	২৮০০/-	-	২৮০০/-
১ পত্রে অকৃতকার্য/গ্রেড উন্নয়ন	১৩৫০/-	-	১৩৫০/-
২ পত্রে অকৃতকার্য/গ্রেড উন্নয়ন	১৫০০/-	-	১৫০০/-
৩ পত্রে অকৃতকার্য/গ্রেড উন্নয়ন	১৬৫০/-	-	১৬৫০/-
৪ পত্রে অকৃতকার্য/গ্রেড উন্নয়ন	১৮০০/-	-	১৮০০/-
৫ পত্রে অকৃতকার্য/গ্রেড উন্নয়ন	১৯৫০/-	-	১৯৫০/-

বিঃদ্র: ১। C Promoted শিক্ষার্থীর ক্ষেত্রে অন্যান্য ফি এর অতিরিক্ত প্রতি পরীক্ষার্থী ১,৫০০/- টাকা যোগ হবে।

২। ২০১৭-১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ক্ষেত্রে এক বা একাধিক বিষয় নির্ধারিত ৫,০০০/- টাকা ও কলেজের নির্ধারিত ফি এর অংশ যোগ হবে।

৩। অনলাইনে ফি পরিশোধের ক্ষেত্রে কোন গরমিল হলে পেমেন্ট না করে কলেজের হিসাব শাখায় যোগাযোগ করার জন্য বলা হলো।

✓ 
অধ্যক্ষ ৭/৬/২৬

সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর

তারিখ: ০৭/০৬/২০২৬

স্মারক নং- সা.সু.ম.ক: ৪৩২/২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১। উপাধ্যক্ষ, সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ, ফরিদপুর।

২। আহ্বায়ক, ডিগ্রী পাস ৩য় বর্ষ ফরম পূরণ কমিটি-২০২৪, এ কলেজ।

৩। জনাব মোঃ শেখ মুজিবুর প্রদর্শক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, এ কলেজ।

৪। হিসাবরক্ষক।

৫। জনাব পুলতান আহমেদ/জনাব সাকিব হোসেন/জনাব মোঃ মাসুদ রানা/জনাব অমৃত বিশ্বাস/জনাব রূপালী সিকদার/
জনাব মোঃ ওয়াসিউল খান/জনাব মোঃ মিরাজ শেখ।

৬। ওয়েবসাইট/নোটিশ বোর্ড/হেল্প ডেস্ক।

৭। সংরক্ষণ নথি।

✓ 
অধ্যক্ষ ৭/৬/২৬

সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর